পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল

এবং

সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ – ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

উপক্রমণিকা

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র-

সেকশন ১ : রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন.....মাসের ১৮.......তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Bangladesh National Commission for UNESCO)
### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা
### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর - ২০১৫, ২০১৬, ২০১৭) প্রধান অর্জনসমূহ:

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটকে ইউনেস্কো ক্যাটাগরি-২ ইন্সটিটিউট হিসেবে প্রতিষ্ঠিত করার প্রথম ধারণা প্রদান করে ২০১০ সালের ফেব্রুয়ারি মাসে। এরপর আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট ইউনেস্কো ক্যাটাগরি-২ ইন্সটিটিউট হিসেবে প্রতিষ্ঠিত করার সকল পর্যায়ে বিএনসিইউ সাচিবিক সহায়তা প্রদান করে। উল্লেখ্য, ০৭ নভেম্বর, ২০১৫, ইউনেস্কো সদর দপ্তর, প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কো সাধারণ সভার ৩৮তম অধিবেশনে আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট ইউনেস্কো ক্যাটাগরি-২ এর মর্যাদা লাভ করে। এশিয়া প্যাসিফিক অঞ্চল থেকে বাংলাদেশ তথা দলনেতা হিসেবে মাননীয় শিক্ষামন্ত্রী এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের (বিএনসিইউ) চেয়ারম্যান জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. ইউনেস্কো সাধারণ সভার ৩৮তম অধিবেশনের (নভেম্বর, ২০১৫) ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হন। ২০১৩ সালে ইউনেস্কো সাধারণ সভার ৩৭ তম অধিবেশনে বাংলাদেশ পুনরায় পরবর্তী চার বছরের জন্য ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হয়। বিশিষ্ট লেখক ড. কামাল আবদুল নাসের চৌধুরী ইউনেস্কো নির্বাহী বোর্ডে বাংলাদেশের প্রতিনিধিত্ব করে আসছেন, সে হিসেবে বাংলাদেশ ইউনেস্কো নির্বাহী বোর্ড সভার সদস্য হওয়ায় ২০১৪ সালে ১৯৪ ও ১৯৫ তম নির্বাহী বোর্ড সভা এবং ২০১৫ সালে ইউনেস্কোর ১৯৬ ও ১৯৭ তম নির্বাহী বোর্ড সভায় বাংলাদেশ অংশগ্রহণ করে। নির্বাহী বোর্ডের আলোচ্য সভায় অংশগ্রহণের যাবতীয় কার্যাবলি বিএনসিইউ সম্পন্ন করে। বিএনসিইউ ২০১৬ সালে 'Documentation on ICoN Project: Safeguarding Jamdani-The Intangible Cultural Heritage from Bangladesh' শীর্ষক পুস্তিকা প্রকাশ করে। কোরিয়ান ইউনেস্কো জাতীয় কমিশনের অর্থায়নে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন কর্তৃক ২০১৬ সালে বাস্তবায়িত Literacy Campaign and Functional Literacy (Vocational Training) for the Selected Underprivileged Women of Char Khalifa, Bhola, Bangladesh শীর্ষক প্রকল্পটি একটি উল্লেখযোগ্য প্রকল্প যা মৌলিক সাক্ষরতা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে পশ্চাৎপদ নারীদের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। 'ঢাকা'কে World Book Capital City 2018 হিসেবে মনোনীত করার লক্ষ্যে মনোনয়ন ফাইল প্রস্তুতিতে বিএনসিইউ বুদ্ধিবৃত্তিক ও সাচিবিক সহায়তা প্রদান এবং যথাসময়ে (মে, ২০১৬) তা ইউনেস্কোর কাছে প্রেরণ করে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এম.পি. গত ৫ ফেব্রুয়ারি, ২০১৭, সকাল ১০:০০ টায় ঢাকাস্থ হোটেল রেডিসনে তিনদিনব্যাপী (৫-৭ ফেব্রুয়ারি, ২০১৭) আয়োজিত E-9 Ministerial Meeting on Education 2030 শীর্ষক সম্মেলনের শুভ উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে ইউনেস্কোর মহাপরিচালক মিজ ইরিনা বোকোভা উপস্থিত ছিলেন। আলোচ্য সম্মেলনে E-9 ফোরামের সদস্যরাষ্ট্র বাংলাদেশ, ব্রাজিল, চীন, মিশর, ভারত, পাকিস্তান, ইন্দোনেশিয়া ও নাইজেরিয়া থেকে মন্ত্রী এবং ঊর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। গত ৫ ফেব্রুয়ারি উদ্বোধন অনুষ্ঠানে বাংলাদেশের শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. আনুষ্ঠানিকভাবে E-9 ফোরামের প্রাক্তন চেয়ারম্যান পাকিস্তানের শিক্ষামন্ত্রীর কাছ থেকে চেয়ারম্যানের দায়িত্বভার গ্রহণ করেন। দায়িত্বভার গ্রহণ হতে দুই বছর বাংলাদেশের শিক্ষামন্ত্রী এ দায়িত্ব পালন করবেন। E-9 সম্মেলনের উল্লেখযোগ্য ফলাফল হিসেবে সদস্যরাষ্ট্রসমূহে SDG-4 বাস্তবায়নের রোডম্যাপ সম্বলিত '**Dhaka Declaration**' ঘোষণা করা হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রীর নেতৃত্বে ও নির্দেশনায় বিএনসিইউ এই বৃহৎ আয়োজনে শিক্ষা মন্ত্রণালয়ের অন্যতম সহযোগী হিসাবে দায়িত্ব পালন করেছে ও অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠানের সাথে কার্যকর যোগাযোগে সমন্বয়কের ভূমিকা পালন করেছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ 'ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার'-এ অন্তর্ভুক্তি দীর্ঘদিনের ধারাবাহিক প্রচেষ্টার ফল। এই প্রথম বাংলাদেশের কোন প্রামাণ্য ঐতিহ্য 'ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার' -এ অন্তর্ভুক্ত হলো।

মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.র ঐকান্তিক আগ্রহে শিক্ষা মন্ত্রণালয়াধীন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) সর্বপ্রথম ২০০৯ সালের ১২ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ 'ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ অব্ হিউম্যানিটি' হিসেবে ঘোষণার প্রস্তাব ইউনেস্কোতে প্রেরণের উদ্যোগ গ্রহণ করে। এ লক্ষ্যে শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. কর্তৃক ২৩ মার্চ ২০০৯ তারিখে স্বাক্ষরিত একটি সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৩০ মার্চ ২০০৯ তারিখে তা অনুমোদন করেন। পরবর্তীতে ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর অপর একটি প্রোগ্রাম 'ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার'-এ অন্তর্ভুক্তির জন্য অধিকতর উপযোগী বলে প্রতীয়মান হয়। এরপর ২০১০ সালের ১৭ জানুয়ারি কোরিয়ান ইউনেস্কো জাতীয় কমিশন বিএনসিইউকে পত্র মারফত ইন্দোনেশিয়ার জাকার্তায় অনুষ্ঠিতব্য মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড সম্পর্কিত কর্মশালায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানায়। ১১-১৪ মার্চ ২০১১ তারিখে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় বিএনসিইউ 'বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ' এর ওপর প্রস্তুতকৃত খসড়া প্রস্তাব প্রেরণ করে। ২০১৩ সালে কম্বোডিয়ার রাজধানী নমপেন-এ অনুষ্ঠিত হয় পরবর্তী কর্মশালা। তাতে অংশগ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি জনাব মফিদুল হককে মনোনীত করা হলে তিনি বাংলাদেশের প্রস্তাবটি নির্দিষ্ট ফরম্যাট অনুসারে সম্পন্ন করেন। পরবর্তীতে ২০১৬ সালের ৪-১৫ এপ্রিল তারিখে প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর ১৯৯তম নির্বাহী বোর্ডসভা চলাকালে শিক্ষা সচিব জনাব মো: সোহরাব হোসাইন এবং মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.র অনুমোদনক্রমে বিএনসিইউ পরিমার্জিত প্রস্তাবটি ইউনেস্কোতে জমাদানের লক্ষ্যে প্যারিসস্থ বাংলাদেশ দূতাবাসে প্রেরণ করে। তারপর প্যারিসস্থ বাংলাদেশ দূতাবাসের তৎকালীন মান্যবর রাষ্ট্রদূত জনাব এম. শহিদুল ইসলাম এবং ইউনেস্কো নির্বাহী বোর্ডে বাংলাদেশের প্রতিনিধি ড. কামাল আবদুল নাসের চৌধুরী এ কার্যক্রমকে এগিয়ে নিতে সহযোগিতা প্রদান করেন। ইউনেস্কো মহাপরিচালক মিজ ইরিনা

বোকোভার সাথে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.র ব্যক্তিগত যোগাযোগ আন্তর্জাতিক পরিমন্ডলে বাঙালি জাতির এ অসামান্য সাফল্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সাল থেকেই বিষয়টির ওপর বিশেষ গুরুত্বারোপ করে আসছিলেন এবং সময়ে সময়ে তিনি শিক্ষামন্ত্রীকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. ২০০৯ সাল থেকে বিএনসিইউর চেয়ারম্যান হিসেবে ইউনেস্কোর কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকায় এবং ইউনেস্কোর ৩৮ ও ৩৯তম সাধারণ সম্মেলনের ভাইস-প্রেসিডেন্ট হওয়ার সুবাদে ইউনেস্কোর মহাপরিচালকসহ সংশ্লিষ্ট সকলের সাথে তাঁর নিবিড় যোগাযোগের ফলে চলমান প্রক্রিয়াটি কাঙ্ক্ষিত পরিণতির দিকে এগিয়ে যায়। ৩০ অক্টোবর ২০১৭ তারিখে মিজ বোকোভা 'ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার' সংক্রান্ত নথিতে স্বাক্ষর করলে শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. তাৎক্ষণিকভাবে প্যারিস থেকে বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোনে অবহিত করেন। প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতিতে সন্তোষ প্রকাশ করে শিক্ষামন্ত্রীসহ বাংলাদেশ প্রতিনিধিদল, ইউনেস্কো মহাপরিচালক মিজ ইরিনা বোকোভা এবং এ মহতী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

**সমস্যা:**

বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তরের সাথে কাজ করার সময় বৈদেশিক/আন্তর্জাতিক সংস্থার চাহিদা ও নির্ধারিত তারিখের মধ্যে তথ্য/মনোনয়ন প্রেরণের ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। এক্ষেত্রে মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর থেকে তথ্য/মনোনয়ন প্রেরণে বিলম্ব এবং কখনো কখনো আন্তর্জাতিক সংস্থা কর্তৃক নির্ধারিত সময়সীমার স্বল্পতাই মুখ্য কারণ। স্থায়ী অফিস ভবন ও নিয়োগ বিধি না থাকার ফলে কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্য সুবাধাদি নিশ্চিত করা যাচ্ছেনা।

**চ্যালেঞ্জ:**

নিজস্ব অফিস ভবন নির্মাণ। যুগোপযোগী নিয়োগ বিধি প্রণয়ন। কর্মকর্তা ও কর্মচারিদের যাতায়াতের জন্য প্রয়োজন অনুযায়ী নিজস্ব যানবাহনের ব্যবস্থা করা।

**ভবিষ্যত পরিকল্পনা:**

সরকারের নির্দেশনার আলোকে ইউনেস্কো ও আইসেস্কোর সাথে বাংলাদেশের অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কাজের সমন্বয় করা। ইউনেস্কো ও আইসেস্কোসহ সদস্য রাষ্ট্রসমূহের সাথে বাংলাদেশের সম্পর্কোন্নয়নে কাজ করা এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের সাথে কাজ করার ক্ষেত্রে রাষ্ট্রীয় স্বার্থকে প্রাধান্য দেয়া।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

১) আইসেস্কো'র আর্থিক সহায়তায় বিভিন্ন সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন।
২) Associated Schools Project Network কর্মসূচী অব্যাহত রাখা।
৩) নিজস্ব যানবাহনের ব্যবস্থা করা।
৪) ইউনেস্কোতে নতুন প্রকল্প প্রেরণ এবং কমপক্ষে ৫টি প্রকল্প অনুমোদন।
৫) ইউনেস্কো ও আইসেস্কো সংক্রান্ত ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংগ্রহ করা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা।

on line ...

# সেকশন ১

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

## ১.১ রূপকল্প (Vision):

শিক্ষা ও সংস্কৃতির মাধ্যমে শান্তি ও সমৃদ্ধি (Peace and Prosperity through Education & Culture)

## ১.২ অভিলক্ষ্য (Mission):

শিক্ষা, সংস্কৃতি, বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগের ক্ষেত্রসমূহের যুগোপযোগী উন্নয়ন ও আধুনিকায়নের লক্ষ্যে ইউনেস্কো ও আইসেস্কোর সাথে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কাজের সমন্বয় সাধন।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১। ইউনেস্কো ও আইসেস্কোর সাথে বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার মধ্যে কাজের সমন্বয় ও সম্পর্ক জোরদার করা।

## ১.৪ প্রধান কার্যাবলি:

১) শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি এবং তথ্য ও যোগাযোগ ক্ষেত্রে সরকার ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে সহযোগিতা করা।
২) UNESCO Participation Programme, বৃত্তি, পুরস্কার, শিক্ষা ইত্যাদি বিষয় সংক্রান্ত কাজ সমাধা করা।
৩) একটি স্বীকৃত সংস্থা হিসাবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং সংস্থার সাথে UNESCO Coupons Programme কার্যক্রম সমাধা করে।
৪) ইউনেস্কো'র আওতাভুক্ত গবেষণা প্রোগ্রাম সম্পন্ন করা যা উন্নয়নের সহায়ক।
৫) জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালন করা যা বিশ্ব শান্তি ও শিক্ষা সম্প্রসারণে ভূমিকা রাখে।
৬) ASPnet সংক্রান্ত বৈশ্বিক কর্মকাণ্ডে ছাত্র ও শিক্ষকদের অংশগ্রহণে সহযোগিতা করা।
৭) UNESCO ও ISESCO'র সাথে যৌথভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন।
৮) দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির মাধ্যমে বিশ্বের অন্যান্য ন্যাশনাল কমিশনের সাথে শিক্ষা ও সংস্কৃতি ক্ষেত্রের বিভিন্ন যৌথ প্রকল্প/কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন।

## সেকশন ২

### দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কার্যক্রম পালন করার মধ্য দিয়ে Associated Schools Project Network কর্মসূচিতে শিক্ষক, ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সহযোগিতা ও সম্পৃক্ততা বৃদ্ধি। | কর্মসূচীর আয়োজনে বিভিন্ন স্কুলসমূহকে সম্পৃক্তকরণ | সম্পৃক্ত প্রতিষ্ঠানের সংখ্যা | কর্মসূচী চলেছে। | কর্মসূচী অব্যাহত আছে। | ৮ | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। | বিএনসিইউ ও অন্যান্য প্রতিষ্ঠান | ইউনেস্কো |
| ২। আইসেস্কোর নির্বাহী বোর্ড সভায় অংশগ্রহণ | বাংলাদেশ সম্পর্কিত বিভিন্ন বিষয় তুলে ধরা ও বাংলাদেশের সাথে অন্যান্য সদস্য রাষ্ট্রের শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সাংস্কৃতিক আন্তঃসহযোগিতার ক্ষেত্র প্রস্তুত করা। | সভার সংখ্যা | অংশগ্রহণ করা হয়েছে। | অংশগ্রহণ করা হয়েছে। | ১ | অংশগ্রহণ করা হবে। | অংশগ্রহণ করা হবে। | বিএনসিইউ, আইসেস্কো | আইসেস্কো |

## সেকশন ৩

### কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের কৌশলগত উদ্দেশ্য/উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ইউনেস্কো ও আইসেস্কোর সম্পর্কে বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার মধ্যে কাজের সমন্বয় ও সম্পর্ক জোরদার করা | ৭৫ | ইউনেস্কো কুপন ক্রয়, নবায়ন, বিনিময় সংক্রান্ত কাজ। | কুপন প্রাপ্তির ০১ মাসের মধ্যে কুপন প্রেরণ (তথ্য প্রাপ্তির উপর নির্ভর) | মাস | ০৫ | ইউনেস্কো কুপন প্রোগ্রাম চলমান ছিল। | ইউনেস্কো কুপন প্রোগ্রাম চলমান আছে। | ১ | ২ | ৩ | ৪ | ৫ | প্রোগ্রাম চলমান থাকবে। | প্রোগ্রাম চলমান থাকবে। |
| | | ইউনেস্কো ও আইসেস্কো সংক্রান্ত ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংগ্রহ করা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা। ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংক্রান্ত তথ্য বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ। | মনোনয়ন অনুমোদন ও মনোনয়ন প্রেরণের জন্য সকল দাপ্তরিক কাজ করা। | মনোনয়ন প্রেরণ | ১৫ | ১৫ | ১৮ | ১২ | ১১ | ১০ | ০৯ | - | আমন্ত্রণ অনুযায়ী কর্মসূচী অব্যাহত থাকবে। | আমন্ত্রণ অনুযায়ী কর্মসূচী অব্যাহত থাকবে। |
| | | Associated Schools Project Network কর্মসূচি চলমান রাখা। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কার্যক্রম পালন করার মধ্য দিয়ে Associated Schools Project Network কর্মসূচিতে শিক্ষক, ছাত্র- | কর্মসূচীর আয়োজনে বিভিন্ন স্কুলসমূহকে সম্পৃক্ত করা | সম্পৃক্ত প্রতিষ্ঠানের সংখ্যা | ১০ | কর্মসূচী চলেছে। | কর্মসূচী অব্যাহত থাকবে। | ৮ | ৭ | ৬ | ৫ | - | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | ছাত্রীদের অংশগ্রহণে সহযোগিতা ও সম্পৃক্ততা বৃদ্ধি। | | | | | | | | | | | | |
| | | আইসেস্কোর নির্বাহী বোর্ড সভা ও জেনারেল কনফারেন্স এ অংশগ্রহণ আইসেস্কোর নির্বাহী বোর্ড সভা ও জেনারেল কনফারেন্স এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ প্রতিনিধি/ প্রতিনিধি দলকে প্রস্তুতিমূলক সহযোগিতা প্রদান করা, কার্যপত্র প্রস্তুত করা ও আয়োজক সংস্থা/দেশের সাথে যোগাযোগ করা। | বাংলাদেশ সম্পর্কিত বিভিন্ন বিষয় তুলে ধরা ও বাংলাদেশের সাথে অন্যান্য সদস্য রাষ্ট্রের শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সাংস্কৃতিক আন্তঃসহযোগিতার ক্ষেত্র প্রস্তুত করা। | সভার সংখ্যা | ১০ | অংশগ্রহণ করা হয়েছে। | অংশগ্রহণ করা হয়েছে। | ১ 60 | - | - | - | - | অব্যাহত থাকবে। | অব্যাহত থাকবে। |
| | | ইউনেস্কোর সংস্কৃতি সংক্রান্ত কনভেনশন ও কার্যক্রমকে গতিশীল করা কর্মশালা ও সেমিনারের মাধ্যমে সংশ্লিষ্টদের ইউনেস্কোর সংস্কৃতি সংক্রান্ত কনভেনশন সম্পর্কে সচেতন করা | বর্ণিত বিষয়ে গৃহীত জাতীয় এবং আন্তর্জাতিক উদ্যোগ/কার্যক্রম সংক্রান্ত বাৎসরিক তথ্য সংশ্লিষ্টদের অবহিতকরণ | সংখ্যা | ০৫ | ২৫ | ২৩ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | - | সংশ্লিষ্টদের তথ্য অবহিতকরণ অব্যাহত থাকবে। | সংশ্লিষ্টদের তথ্য অবহিতকরণ অব্যাহত থাকবে। |
| | | এসডিজি ৪ বাস্তবায়নের লক্ষ্যে সরকারী, বেসরকারী ও | সরকারী, বেসরকারী ও ইউনেস্কো ঢাকা এর সহযোগিতায় | সভার সংখ্যা | ০৫ | ২ | ১০ | ১৫ | ১২ | ১০ | ০৮ | - | পরামর্শ সভা আয়োজন | পরামর্শ সভা আয়োজন অব্যাহত থাকবে। |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | ইউনেস্কো ঢাকা এর সহযোগিতায় আঞ্চলিক এবং জাতীয় পরামর্শ সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ<br>আঞ্চলিক এবং জাতীয় পরামর্শ সভা আয়োজনের মধ্য দিয়ে শিক্ষা সংশ্লিষ্ট সকল স্তরের ব্যক্তি ও প্রতিষ্ঠানের মতামত গ্রহণ এবং এসডিজি ৪ বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা তৈরীতে সহযোগিতাকরণ | আঞ্চলিক এবং জাতীয় পরামর্শ সভা আয়োজন | | | | | | | | | | অব্যাহত থাকবে। | |
| | | ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০১৮-১৯ এর আওতায় ৭টি প্রকল্প অনুমোদনের জন্য ইউনেস্কোতে প্রেরণ। | চূড়ান্তভাবে অনুমোদনান্তে প্রেরিত প্রকল্পের সংখ্যা | প্রকল্প সংখ্যা | ১৫ | ৭টি প্রকল্প প্রেরণ | ৭টি প্রকল্প প্রস্তাব যথাযথভাবে প্রেরণ | ইউনেস্কো তে ০৭ (সাত) টি নতুন প্রকল্প যথাযথ ভাবে প্রেরণ | | | | | ইউনেস্কো কর্তৃক অনুমোদিত প্রকল্পসমূহ যথাযথ গাইডলাইন অনুসরণে বাস্তবায়ন | নতুন প্রকল্প প্রস্তাব আহ্বান |
| | | ইউনেস্কোর নির্বাহী বোর্ড সভা ও সাধারণ সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণ। | যথাসময়ে নথি উপস্থাপন এবং বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণ । | সভার সংখ্যা | ১০ | ইউনেস্কোর ২০৩ ও ২০৪ তম নির্বাহী বোর্ড সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের | ইউনেস্কোর ৩৯ তম সাধারণ সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের | ২ টি ২০৫ ও ২০৬ তম নির্বাহী | - | - | - | - | ইউনেস্কার ৪০ তম সাধারণ সভায় বাংলাদেশ | ইউনেস্কার ২০৮ ও ২০৯ তম নির্বাহী বোর্ড সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | নথি উপস্থাপন, সার-সংক্ষেপ প্রস্তুত, ন্যাশনাল স্টেটমেন্ট তৈরি, এজেন্ডা ব্রিফিং তৈরি। | | | | অংশগ্রহণ। | অংশগ্রহণ | বোর্ড সভা | | | | | প্রতিনিধিদলের অংশগ্রহণ | |

## মন্ত্রণালয়/বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯ (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | ২৪ জুন, ২০১৮ | ২৬ জুন, ২০১৮ | ২৬ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৯ আগস্ট, ২০১৮ | ২৭ আগস্ট, ২০১৮ | ২৯ আগস্ট, ২০১৮ | ০৩ সেপ্টেম্বর, ২০১৮ | ০৫ সেপ্টেম্বর, ২০১৮ |
| | | দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feedback) প্রদান | ফলাবর্তক (Feedback) প্রদত্ত | তারিখ | ১ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১০ ফেব্রুয়ারি , ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৪ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | মন্ত্রণালয়ে/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারিকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি | তারিখ | ১ | ১১ মার্চ, | ১৮ মার্চ, | ২৫ মার্চ, | ০১ এপ্রিল, | ০৮ এপ্রিল, |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | | | ২০১৯ | ২০১৯ | ২০১৯ | ২০১৯ | ২০১৯ |
| | | প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | ১০ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ |
| | | | প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | অভিযোগ নিস্পত্তি বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ০২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় নিস্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বাজেট বাস্তবায়নে উন্নয়ন | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | ১ | - | - | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৮ | ২৯ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ১৩ ডিসেম্বর, ২০১৮ |

*জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
**মন্ত্রিপরিষদ বিভাগের ই-গর্ভন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
***মন্ত্রিপরিষদ বিভাগের ই-গর্ভন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
****মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

১৮.০৬.২০১৮

ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন — তারিখ

১৮.০৬.২০১৮ — ১৮.০৬.২০১৮

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয় — তারিখ

## সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

১। বিএনসিইউ: বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

২। BNCU: Bangladesh National Commission for UNESCO

৩। UNESCO : United Nations Educational, Scientific and Cultural Organization

৪। ইমলি (IMLI): ইন্টারন্যাশনাল মাদার ল্যাংগুয়েজ ইন্সটিটিউট (International Mother Language Institute)

৫। ISESCO: Islamic Educational, Scientific and Cultural Organization

2nd ধাপ ... ATA trainer 01818223790

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ইউনেস্কো ও আইসেস্কো সংক্রান্ত ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংগ্রহ করা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা। ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংক্রান্ত তথ্য বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ। | মনোনয়ন অনুমোদন ও মনোনয়ন প্রেরণের জন্য সকল দাপ্তরিক কাজ করা। | নথি প্রস্তুত ও এ সংক্রান্ত সকল কাজ সমাধা করা | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় | মনোনয়ন প্রাপ্তির সংখ্যা ইউনেস্কো ও আইসেস্কো | |
| ২। | Associated Schools Project Network কর্মসূচি চলমান রাখা। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কার্যক্রম পালন করার মধ্য দিয়ে Associated Schools Project Network কর্মসূচিতে শিক্ষক, ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সহযোগিতা ও সম্পৃক্ততা বৃদ্ধি। | কর্মসূচীর আয়োজনে বিভিন্ন স্কুলসমূহকে সম্পৃক্ত করা | এ বিষয়ে সকল দাপ্তরিক কাজ সম্পন্ন করা। | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন | প্রতিষ্ঠানের সংখ্যা ইউনেস্কো | |
| ৩। | ইউনেস্কো কুপন ক্রয়, নবায়ন, বিনিময় সংক্রান্ত কাজ। | কুপন প্রাপ্তির ০১ মাসের মধ্যে কুপন প্রেরণ (তথ্য প্রাপ্তির উপর নির্ভর) | নথি প্রস্তুত, অনুমোদন, পত্র জারি সংক্রান্ত সকল কাজ সমাধা করা | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ইউনেস্কো ঢাকা অফিস, ইউনেস্কো প্যারিস। | কুপনের পরিমাণ | |

## সংযোজনী-৩ অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

দ্রষ্টব্য: বিএনসিইউ'র সকল কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিভিন্ন মন্ত্রণালয়, ইউনেস্কো, আইসেস্কো, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সম্পর্কিত ও নির্ভরশীল।